

ডিস্ক পার্টিশনিং ও উইন্ডোজ এক্সপি ইনস্টলেশন (পর্ব-১)

এই টিউটোরিয়ালটিতে আমরা নিজে নিজে হার্ড ডিস্ক ড্রাইভ পার্টিশন এবং জনপ্রিয় অপারেটিং সিস্টেম উইন্ডোজ এক্সপি ইনস্টল করা শিখবো। এই টিউটোরিয়ালটি দু'টি পর্বে ভাগ করা হয়েছে। প্রথম পর্বে আমরা FDISK ডিস্ক পার্টিশনিং টুলটির সাহায্যে হার্ড ডিস্ক পার্টিশন করা শিখবো। FDISK হলো একটি শক্তিশালী ডিস্ক পার্টিশনিং ইউটিলিটি, যা ডস এবং ইউনিক্স উভয় অপারেটিং সিস্টেমে ইমপ্লিমেন্ট করা হয়েছে। তবে এদের ইন্টারফেস এবং পার্টিশনিং মেথড এক রকম নয়। আজ আমরা FDISK এর ডস ভার্সনটি নিয়ে আলোচনা করবো। চলুন তাহলে, আর দেরী না করে শুরু করা যাক।

সতর্কীকরণঃ FDISK টুলটি দ্বারা হার্ড ডিস্ক পার্টিশন করা হয়। এই টিউটোরিয়ালটি অনুসরণ করে আপনি আপনার হার্ড ডিস্ক পার্টিশন করতে চাইলে, প্রথমেই আপনার মূল্যবান ফাইল এবং ডাটাসমূহ সিডি/ডিভিডি/ফ্ল্যাশ ড্রাইভে সংরক্ষণ করার ব্যবস্থা নিন। নতুবা নতুন করে পার্টিশন করার পর আপনার সকল তথ্য গায়েব হয়ে যাবে। তাছাড়া FDISK এ না বুঝে উল্টো-পাল্টা কমান্ড প্রয়োগ করলে আপনার হার্ড ডিস্কটির ক্ষতিসাধন হতে পারে। এক্ষেত্রে এই টিউটোরিয়ালটির লেখককে কোনভাবে দায়ী করা যাবে না। আপনাকে সতর্ক করা হলো।

বিঃ দ্রঃ লেখকের অনুমতি ব্যতীত এই টিউটোরিয়ালের কোন অংশ বিশেষ অথবা কোন ইমেজ অন্য কোথাও ব্যবহার করা যাবে না। তবে পুরো টিউটোরিয়ালটি লেখকের নাম, ইমেইল এবং ওয়েব সাইটের এ্যাড্রেসসহ বিনামূল্যে বিতরণ করা যাবে।

FDISK কোথায় পাবেনঃ

সাধারণতঃ FDISK উইন্ডোজ ৯৫/৯৮/এমই অপারেটিং সিস্টেমের বুটেবল সিডিতে পাওয়া যায়, তবে উইন্ডোজ ২০০০ বা এক্সপি এর বুটেবল সিডিতে FDISK থাকে না। এছাড়া আপনি গুগলের মাধ্যমে ইন্টারনেটে সার্চ করে দেখতে পারেন। ইন্টারনেট থেকে ডাউনলোড করে নিলে, আপনাকে নিজে নিজে একটি বুটেবল সিডি তৈরী করে নিতে হবে, যেখানে FDISK টুলটি থাকবে। এক্ষেত্রে আপনি বুটেবল ফ্লপি ডিস্কও ব্যবহার করতে পারেন।

বুট করাঃ

বুটেবল সিডিটি/ফ্লপিটি আপনার সিডি-রম/ফ্লপি ডিস্ক ড্রাইভে প্রবেশ করিয়ে পিসি রিস্টার্ট করুন। যদি রিস্টার্টের পরে পূর্বের মত আপনার পিসি সরাসরি অপারেটিং সিস্টেম লোড করে, তাহলে আপনাকে বায়োস সেটআপে প্রবেশ করে বুট অর্ডার পরিবর্তন করতে হবে। বায়োসে প্রবেশ করতে নিচের পদ্ধতি অনুসরণ করুন।

*** ইন্টেল মাদারবোর্ডের ক্ষেত্রে:-** পিসি রিস্টার্ট করে মাদারবোর্ডের লোগো দেখানোর সময় **F2** চাপুন, কয়েকবার চাপতে হতে পারে।

* **আসুস এবং গিগাবাইট মাদারবোর্ডের ক্ষেত্রে:**- পিসি রিস্টার্ট করে মাদারবোর্ডের বিভিন্ন ম্যাসেজ দেখানোর সময় **DEL** চাপুন, কয়েকবার চাপতে হতে পারে।

এবার বুট অপশনে গিয়ে **First Boot Device** হিসেবে সিডি-রম অথবা ফ্লপি ডিস্ক ড্রাইভ সিলেক্ট করে দিন। সিলেক্ট করতে এ্যারো কি সমূহ এবং বুট অর্ডার পরিবর্তন করতে **+** ও **-** কি দু'টি ব্যবহার করুন। এবার **ESC** কি চেপে সেটিংস সেভ করে বায়োস সেটআপ থেকে বেরিয়ে আসুন। পিসি আবার রিস্টার্ট করুন। আশাকরি এবার বুট মেনু পাবেন।

পার্টিশন তৈরী করাঃ

বুট মেনু থেকে দুই নম্বর অপশনটি অর্থাৎ **Start Computer With CD-ROM Support** এ্যারো কি দ্বারা সিলেক্ট করে এন্টার চাপুন। চিত্রে উইন্ডোজ মিলেনিয়াম অপারেটিং সিস্টেমের সিডি হতে বুট করা দেখানো হয়েছে:

```
Microsoft Windows Millennium Startup Menu
http://www29.websamba.com/shovon
1. Help
2. Start computer with CD-ROM support.
3. Start computer without CD-ROM support.
4. Minimal Boot

Enter a choice: 2

F5=Safe mode  Shift+F5=Command prompt  Shift+F8=Step-by-step confirmation [N]
```

কিছুক্ষণের মধ্যেই আপনি **A:\>** প্রম্পটে আপনার কার্সরটি ব্লিংক করতে দেখবেন। এবার **FDISK** টাইপ করে এন্টার চাপুন। আপনার হার্ড ডিস্ক ড্রাইভটি যদি ২ গিগাবাইটের চাইতে বড় হয়ে থাকে (সাধারণতঃ তাই হবার কথা), তাহলে **Enable large disk support** প্রশ্নে **Y** দিয়ে এন্টার চাপুন। চিত্রে দ্রষ্টব্য:

Your computer has a disk larger than 512 MB. This version of Windows includes improved support for large disks, resulting in more efficient use of disk space on large drives, and allowing disks over 2 GB to be formatted as a single drive.

IMPORTANT: If you enable large disk support and create any new drives on this disk, you will not be able to access the new drive(s) using other operating systems, including some versions of Windows 95 and Windows NT, as well as earlier versions of Windows and MS-DOS. In addition, disk utilities that were not designed explicitly for the FAT32 file system will not be able to work with this disk. If you need to access this disk with other operating systems or older disk utilities, do not enable large drive support.

<http://www29.websamba.com/shovon>

Do you wish to enable large disk support (Y/N).....? [Y]

এবার আপনি FDISK এর মেইন মেনুতে চলে এসেছেন। সাধারণতঃ FDISK এ আপনাকে ৪টি অপশন দেখানোর কথা। কিন্তু আপনার পিসিতে যদি একের অধিক হার্ড ডিস্ক ড্রাইভ লাগানো থাকে, তাহলে আপনি ৫টি অপশন দেখতে পাবেন। আমি ৫টি অপশনই আলোচনা করবো, কারণ অদূর ভবিষ্যতে আপনি হয়ত আরেকটি হার্ড ডিস্ক ড্রাইভ আপনার পিসিতে সংযুক্ত করতে পারেন। FDISK এর মেইন মেনুটি এরকম:

1. Create DOS partition or Logical DOS Drive
2. Set active partition
3. Delete partition or Logical DOS Drive
4. Display partition information
5. Change current fixed disk drive

সর্বপ্রথম আপনাকে একটি প্রাইমারি পার্টিশন তৈরী করতে হবে। প্রাইমারি পার্টিশন তৈরী না করে অন্য কোন ধরনের পার্টিশন তৈরী করা সম্ভব নয়। এখানে উল্লেখ্য যে, পিসির স্ট্র্যাকচারের কারণে একটি হার্ডডিস্কে সর্বোচ্চ ৪টি প্রাইমারী পার্টিশন তৈরী করা সম্ভব। এই কারণে এক্সটেন্ডেড পার্টিশন টেকনোলজির উদ্ভব ঘটে। প্রথমে আপনি একটি প্রাইমারী পার্টিশন তৈরী করার পর একটি এক্সটেন্ডেড পার্টিশন তৈরী করে নিয়ে এক্সটেন্ডেড পার্টিশনটির ভেতরে যতখুশি লজিক্যাল ড্রাইভ তৈরী করতে পারবেন। কি বুঝতে সমস্যা হচ্ছে? আসুন উদাহরণ দিয়ে ব্যাপারটা বোঝার চেষ্টা করি।

আপনার প্রাইমারী পার্টিশনটি সর্বদাই **C:** ড্রাইভ হবে, আর এক্সটেন্ডেড পার্টিশনটির কোন ড্রাইভ লেটার হয় না। একে আপনি একটি ফাঁকা প্লটের মত ধরে নিতে পারেন, যেটা খন্ড খন্ড ভাবে ভাগ করা সম্ভব। ঠিক তেমনিভাবে এক্সটেন্ডেড পার্টিশন তৈরী করলে হার্ড ডিস্কে এর জন্য নির্দিষ্ট পরিমাণ জায়গা সংরক্ষিত হয়। সেখান থেকেই লজিক্যাল ড্রাইভগুলোকে জায়গা ভাগ করে দেওয়া হয়। লজিক্যাল ড্রাইভগুলোকে চেনার জন্য ডস এদের

পর্যায়ক্রমিকভাবে একটি করে ড্রাইভ লেটার বরাদ্দ করে, যেমন **D:**, **E:**, **F:**, **G:** ইত্যাদি। অথবা আপনি যদি কোন এক্সটেন্ডেড পার্টিশন তৈরী না করে ৪টি প্রাইমারী পার্টিশন তৈরী করেন, তাহলে পার্টিশনগুলো যথাক্রমে **C:**, **D:**, **E:** এবং **F:** হিসেবে পরিচিত হবে।

আসুন এবার হাতে-কলমে কাজ শুরু করা যাক। **1** চেপে এন্টার চাপুন। আপনার সামনে আরেকটি মেনু চলে আসবে। মেনুটি এরকম:

1. Create Primary DOS Partition
2. Create Extended DOS Partition
3. Create Logical DOS Drive(s) in the Extended DOS Partition

আমরা এখন জানি যে, প্রথমে একটি প্রাইমারী পার্টিশন তৈরী করতে হবে। **1** চেপে এন্টার চাপুন। FDISK আপনার হার্ড ডিস্ক ড্রাইভটি ভেরিফাই করা শুরু করবে। ১০০% ভেরিফাই করা হয়ে গেলে, আপনাকে একটি প্রশ্ন করা হবে, যার বাংলা অর্থ হচ্ছে যে আপনি কি আপনার পুরো হার্ড ডিস্ক ড্রাইভটিতে এভিলেবল সকল জায়গা প্রাইমারী পার্টিশনকে দিতে চান? স্থির চিত্রটি দেখুন:

```
                Create Primary DOS Partition
                http://www29.websamba.com/shovon

Current fixed disk drive: 1

Do you wish to use the maximum available size for a Primary DOS Partition
and make the partition active (Y/N).....? [Y]

Press Esc to return to FDISK Options
```

উপরের চিত্রানুযায়ী ম্যাসেজটি পেলে **N** চেপে এন্টার চাপুন। ভুল করে **Y** চাপলে আপনার পুরো হার্ড ডিস্ক ড্রাইভটি শুধুমাত্র একটি ড্রাইভে পরিণত হবে, অর্থাৎ **C:** (অবশ্য ভুল করে ফেললে আপনি পার্টিশনটি মুছে ফেলে আবার নতুন করে শুরু করতে পারেন)। যাই হোক, এবার আরো একবার আপনার হার্ড ডিস্কটি ভেরিফাই করা হবে। ১০০% ভেরিফাই করা হয়ে গেলে FDISK আপনার কাছে প্রাইমারী পার্টিশনের সাইজ জানতে চাইবে, অর্থাৎ আপনি প্রাইমারী পার্টিশনের জন্য কতটুকু জায়গা দিতে চান। মেগাবাইটে সাইজ লিখুন। ধরুন আপনি

প্রাইমারী পার্টিশনের জন্য ৫ গিগাবাইটস জায়গা দিতে চান, তাহলে লিখুন ৫১২০ (১০২৪ মেগাবাইটস = ১ গিগাবাইট)।

ব্যস এবার আপনার প্রাইমারী পার্টিশন তৈরী হয়ে গেল। আপনি অটোমেটিক্যালি FDISK এর মেইন মেনুতে চলে আসবেন। এবার আপনাকে প্রাইমারী পার্টিশনটিকে এ্যাকটিভ করতে হবে, তা নাহলে পার্টিশনটি থেকে কম্পিউটার বুট করানো যাবে না। **2** চেপে এন্টার চাপুন। এবার **1** চেপে এন্টার চাপুন। **Partition 1 made active** ম্যাসেজটি দেখাবে। **ESC** কি চেপে FDISK এর মেইন মেনুতে চলে আসুন।

এবার এক্সটেন্ডেড পার্টিশন তৈরী করার পালা। FDISK এর মেইন মেনুতে **1** চেপে এন্টার চাপুন। তারপর **2** চেপে এন্টার চাপুন। এক্সটেন্ডেড পার্টিশন তৈরীর আগে FDISK আবারও আপনার হার্ড ডিস্ক ড্রাইভের বাকি অংশটুকু ভেরিফাই করবে। ১০০% ভেরিফাই করা হয়ে গেলে, যতটুকু জায়গা খালি আছে তার পুরোটাই দিয়ে দিন। ব্যস এবার এক্সটেন্ডেড পার্টিশনও তৈরী করা হয়ে গেল। **ESC** কি চাপুন।

No Logical Drives Defined ম্যাসেজটি দেখিয়ে FDISK এবার নিজে থেকেই আপনার এক্সটেন্ডেড পার্টিশনটি ভেরিফাই করা শুরু করবে, ১০০% ভেরিফিকেশন হয়ে গেলে প্রথম লজিক্যাল ড্রাইভটিতে (অর্থাৎ **D:** ড্রাইভে) কতটুকু জায়গা দিতে চান, তা জানতে চাইবে। মনে করুন আপনি ৮ গিগাবাইটস জায়গা দিতে চান, তাহলে ৮১৯২ লিখে (৮ গিগাবাইটস x ১০২৪ মেগাবাইটস = ৮১৯২ মেগাবাইটস) এন্টার চাপুন। FDISK আবারও ভেরিফাই শুরু করবে এবং এভাবে চলতে থাকবে যতক্ষণ না আপনার হার্ড ডিস্ক ড্রাইভটির সম্পূর্ণ জায়গা এ্যালোকেট করা হয়।

উপরের ধাপগুলো সঠিকভাবে অনুসরণ করে থাকলে আপনার পার্টিশন করা কমপ্লিট! তবে মনে রাখবেন আপনার হার্ড ড্রাইভে বর্তমানে কোন অপারেটিং সিস্টেম ইনস্টল করা নেই, তাই কম্পিউটার রিস্টার্ট করলে আপনি অন্ধকার মনিটরটিতে **No operating system found...** ম্যাসেজটি ছাড়া আর কিছুই দেখতে পাবেন না। চিন্তার কোন কারণ নেই, কেননা দ্বিতীয় পর্বে আমরা উইন্ডোজ এক্সপি ইনস্টল করা শিখবো। **ESC** কি চেপে FDISK থেকে বেরিয়ে আসুন।

পার্টিশন মুছে ফেলাঃ

এমন হতে পারে যে, আপনার কম্পিউটারে পার্টিশন তৈরী করাই আছে, কিন্তু আপনি তা মুছে ফেলে আবার নতুন করে পার্টিশন করতে চান। আপনি উপরের আলোচনা অনুসরণ করে FDISK এর মেইন মেনুতে চলে আসুন। এবার **3** চেপে এন্টার চাপুন। আপনার সামনে নিচের মেনুটি চলে আসবে:

1. Delete Primary DOS Partition
2. Delete Extended DOS Partition
3. Delete Logical DOS Drive(s) in the Extended DOS Partition
4. Delete Non-DOS Partition

মনে রাখবেন প্রথমেই প্রাইমারী পার্টিশন মুছে ফেলা যাবে না। আমাদের নিচের দিক থেকে শুরু করতে হবে, অর্থাৎ প্রথমে লজিক্যাল ড্রাইভগুলো, তারপর এক্সটেন্ডেড পার্টিশনটি, সবশেষে প্রাইমারী পার্টিশনটি রিমুভ করতে হবে। আর নন-ডস পার্টিশন হলো অন্য কোন পার্টিশন টুল দ্বারা তৈরীকৃত অন্য কোন অপারেটিং সিস্টেমের পার্টিশন (যেমন: লিনাক্স, ওএস/২, বিএসডি ইত্যাদি)।

এবার **3** চেপে এন্টার চাপুন। ড্রাইভ লেটার দিয়ে এন্টার দিন, ভলিউম লেবেল লিখে এন্টার দিন (আপনি যদি ড্রাইভগুলোর কোন নাম দিয়ে থাকেন, সেটাই হলো ভলিউম লেবেল, না দিয়ে থাকলে খালি রাখুন), **Y** চেপে এন্টার দিন। নিচের চিত্রটিতে দ্রষ্টব্য:

```
Delete Logical DOS Drive(s) in the Extended DOS Partition

Drv Volume Label  Mbytes  System  Usage
D:                2000    FAT16    27%
E:                3004    UNKNOWN  41%
F:                2385    UNKNOWN  32%

Total Extended DOS Partition size is 7389 Mbytes (1 MByte = 1048576 bytes)
http://www29.websamba.com/shovon
WARNING! Data in a deleted Logical DOS Drive will be lost.
What drive do you want to delete.....? [E]
Enter Volume Label.....? [      ]
Are you sure (Y/N).....? [Y]

Press Esc to return to FDISK Options
```

এভাবে সবগুলো লজিক্যাল ড্রাইভ মুছে ফেলুন, তারপর **ESC** কি চেপে FDISK এর মেইন মেনু চলে আসুন। এরপর আবার **3** চেপে ডিলিট অপশনে প্রবেশ করে **2** চাপুন। কোন এক্সটেন্ডেড পার্টিশনটি মুছে ফেলতে চান জানতে চাইলে **2** চেপে এন্টার চাপুন, **Y** চেপে এন্টার দিন। আপনার এক্সটেন্ডেড পার্টিশনটিও মুছে গেছে।

পূর্বের পদ্ধতি অনুসরণ করে ডিলিট অপশনে প্রবেশ করে **1** চেপে এন্টার চাপুন। কোন প্রাইমারী পার্টিশনটি মুছে ফেলতে চান জানতে চাইলে **1** চেপে এন্টার চাপুন, **Y** চেপে এন্টার দিন। এবার আপনার হার্ড ডিস্কটি নতুনের মত ঝকঝকে! নতুন করে পার্টিশন তৈরী করার জন্য উপরের আলোচনাটি অনুসরণ করুন।

পার্টিশনের ইনফরমেশন দেখাঃ

FDISK এর মেইন মেনুতে ৪ নম্বর অপশনটিতে গিয়ে বর্তমান পার্টিশনের সংখ্যা, তাদের ফাইল টাইপ ইত্যাদি ইনফরমেশন দেখা যায়।

ফির্ড ড্রাইভ পরিবর্তন করাঃ

আপনার কম্পিউটারে যদি একের অধিক হার্ড ডিস্ক ড্রাইভ লাগানো থাকে, তাহলে FDISK প্রথমটির (প্রাইমারী মাস্টার) উপরে সব কমান্ড এ্যাপ্লাই করবে। প্রথম হার্ড ডিস্ক ড্রাইভটি পরিবর্তন করে দ্বিতীয় হার্ড ডিস্কটি পার্টিশন

করতে চাইলে, FDISK এর মেইন মেনুতে 5 চেপে এন্টার দিন। এবার 2 চেপে এন্টার দিলেই দ্বিতীয় হার্ড ডিস্কটি সক্রিয় হয়ে উঠবে।

প্রথম পর্বটি আমি এখানেই সমাপ্ত করছি। আগামী পর্বে আমরা দেখবো কিভাবে উইন্ডোজ এক্সপি ইনস্টল করতে হয়। আগামী পর্বে আবার দেখা হবে ইনশাআল্লাহ্।

-- মোহাম্মদ আহসানুল হক শোভন

ইমেইল: shuvorim@yahoo.com

ওয়েবসাইট: <http://www29.websamba.com/shovon>